গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২১০।
**www.bteb.gov.bd**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.৩৫ তারিখ: ২৮-০১-২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৮৪তম পরিচালনা পর্ষদের সভায় দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রবিধান- ২০২৫ অনুমোদিত হয়েছে। এই প্রবিধান ২০২৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।

সংযুক্তি:

১। দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রবিধান-২০২৫

**(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.৩৫ (৩৪২) তারিখ: ২৮-০১-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬-১৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৬৯-৭০ মতঝিলি বা/এ, ঢাকা-১০০০।
১৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮-২৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
২৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২৮। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৯। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল।
৩০। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩১। উপ সচিব (প্রশাসন/রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৩৩। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৪-৩৪০। অধ্যক্ষ/সুপারিটেনডেন্ট/প্রধান শিক্ষক ---------------------------------।
৩৪১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৪২। সংরক্ষণ নথি।

**(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০১৭১২-২৫৫৭৪৬
ই-মেইল: rezabteb@gmail.com

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২১০।

**www.bteb.gov.bd**

## দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম

(০২ বছর মেয়াদি)

**শিক্ষাক্রম কোড-৭৭**

**সাধারণ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার সমন্বয়ে দক্ষ জনসম্পদ গঠনের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের এই শিক্ষাক্রম ১৯৯৫ সনে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রবর্তিত**

**প্রবিধান-২০২৫**

**(বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৮৪ তম পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত)**

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
## দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
## প্রবিধান-২০২৫
## শিক্ষাক্রম কোড: ৭৭

## ১.০ শিক্ষাক্রমের নাম ও মেয়াদ (Name and Duration of the Curriculum):

১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সাধারন ও মাদ্রাসা শিক্ষা এবং বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার সমন্বয়ে মাধ্যমিক পর্যায়ের এ শিক্ষাক্রমের নাম হবে দাখিল (ভোকেশনাল);

১.২ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে দুই বছর, যা নবম ও দশম শ্রেণিতে বাস্তবায়ন করা হবে;

১.৩ এ শিক্ষাক্রমের আওতাধীন পরিশিষ্ট 'ক' তে বর্ণিত ট্রেডসমূহ নির্ধারিত থাকবে;

১.৪ এ প্রবিধান 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮ অনুযায়ী প্রণয়ন করা হয়েছে;

১.৫ এ শিক্ষাক্রমে প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষাকাল হবে ৩৬ (ছত্রিশ) কার্য সপ্তাহ। প্রতি সপ্তাহ হবে ৫ (পাঁচ) দিনের ও প্রতি সপ্তাহে ৪০ (চল্লিশ) পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি পিরিয়ডের সময়কাল হবে ৪৫ (পঁয়তাল্লিশ) মিনিট। ট্রেড বিষয়ের ব্যাবহারিকের ক্ষেত্রে ৩ (তিন) পিরিয়ডের সমন্বয়ে ১ (এক) টি ক্লাস এবং অন্যান্য বিষয়ের ব্যাবহারিকের ক্ষেত্রে ২ (দুই) পিরিয়ডের সমন্বয়ে ১ (এক) টি ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থীদেরকে ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে ৪ (চার) সপ্তাহ মেয়াদি 'বাস্তব প্রশিক্ষণ' গ্রহণ করতে হবে। 'বাস্তব প্রশিক্ষণ' একটি বিষয় হিসেবে গণ্য হবে।

## ২.০ কোর্স কাঠামো (Course Structure):

### ২.১ নবম শ্রেণির বিষয়সমূহের সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস :

| বিষয়ের স্তর | বিষয় ও কোড / পিরিয়ড ও নম্বর বিন্যাস | | | পিরিয়ড | | | নম্বর বিন্যাস | | | | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | তত্ত্বীয় | ব্যাবহারিক | মোট | তত্ত্বীয় | | ব্যাবহারিক | | |
| | | | | | | | ধাঃ মূঃ | চূঃ মূঃ | ধাঃ মূঃ | চূঃ মূঃ | |
| আবশ্যিক বিষয় | ১ | বাংলা-১ | ৫১৭১১ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ২ | আরবি-১ | ৫১৭১২ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৩ | কোরআন মাজিদ ও তাজভীদ-১ | ৫১৭১৩ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৪ | হাদীস শরীফ ও ফিকহ-১ | ৫১৭১৪ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৫ | ইংরেজি-১ | ৫১৯১২ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৬ | গণিত-১ | ৫১৯১৩ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৭ | পদার্থ বিজ্ঞান-১ | ৫১৯১৫ | ২ | ২ | ৩ | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৮ | রসায়ন-১ | ৫১৯১৬ | ২ | | ৩ | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৯ | কম্পিউটার এপ্লিকেশন-১ | ৫১৯১৭ | ০ | ২ | ২ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ১০ | ইঞ্জিনিয়ারিং ড্রইং | ৫১৯১৮ | ০ | ২ | ২ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | | | | | | | | | | | |
| | | | মোট | ১৬ | ৬ | ২২ | ২৮০ | ৪২০ | ৭৪ | ৭৬ | ৮৫০ |
| ট্রেডভিত্তিক আবশ্যিক বিষয় | ১১ | ট্রেড-১ | ৫**১৩ | ২ | ৬ | ৮ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১২ | ট্রেড-২ | ৫**১৪ | ২ | ৬ | ৮ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১৩ | বাস্তব প্রশিক্ষণ | ৫**৮১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫০ | ৫০ |
| | | | মোট | ২০ | ১৮ | ৩৮ | ৩৬০ | ৫৪০ | ১৭৪ | ২২৬ | ১৩০০ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঐচ্ছিক বিষয় যেকোন ১ টি | ১৪ | উচ্চতর গণিত-১/কৃষি শিক্ষা-১/ জীব বিজ্ঞান-১ | ৫১৩১১ / ৫১৩১২ /৫১৩১৩ | ১ | ১ | ২ | ৩০ | ৪৫ | ১২ | ১৩ | ১০০ |
| | | ইসলামের ইতিহাস-১ / বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১ | ৫১৩১৫ / ৫১৩১৬ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | |
| | | | **মোট** | **২** | **১** | **২** | **৪০** | **৬০** | **১২** | **১৩** | **১০০** |
| | | | **সর্বমোট** | **২১/২২** | **১৯/১৮** | **৪০** | **৪০০** | **৬০০** | **১৮৬** | **২৩৯** | **১৪০০** |

**২.২ দশম শ্রেণির বিষয়সমূহের সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস :**

| বিষয়ের ধরণ | বিষয় ও কোড / পিরিয়ড ও নম্বর বিন্যাস | | | পিরিয়ড | | | নম্বর বিন্যাস | | | | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | তত্ত্বীয় | ব্যাবহারিক | মোট | তত্ত্বীয় | | ব্যাবহারিক | | |
| | | | | | | | ধাঃ মূঃ | চূঃ মূঃ | ধাঃ মূঃ | চূঃ মূঃ | |
| আবশ্যিক বিষয় | ১ | বাংলা-২ | ৫১৭২১ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ২ | আরবি-২ | ৫১৭২২ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৩ | কোরআন মাজিদ ও তাজভীদ-২ | ৫১৭২৩ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৪ | হাদীস শরীফ ও ফিকহ-২ | ৫১৭২৪ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৫ | ইংরেজি-২ | ৫১৯২২ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৬ | গণিত-২ | ৫১৯২৩ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৭ | পদার্থ বিজ্ঞান-২ | ৫১৯২৫ | ২ | ২ | ৩ | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৮ | রসায়ন-২ | ৫১৯২৬ | ২ | | ৩ | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৯ | কম্পিউটার এপ্লিকেশন-২ | ৫১৯২৭ | ০ | ২ | ২ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ১০ | আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ | ৫১৯২৮ | ২ | ০ | ২ | ২০ | ৩০ | ০ | ০ | ৫০ |
| | | | **মোট** | **১৮** | **৪** | **২২** | **৩০০** | **৪৫০** | **৪৯** | **৫১** | **৮৫০** |
| ট্রেডভিত্তিক আবশ্যিক বিষয় | ১১ | ট্রেড-৩ | ৫**২৩ | ২ | ৬ | ৮ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১২ | ট্রেড-৪ | ৫**২৪ | ২ | ৬ | ৮ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১৩ | বাস্তব প্রশিক্ষণ | ৫**৮২ | ০ | ০ | | ০ | ০ | ০ | ৫০ | ৫০ |
| | | | **মোট** | **২১** | **১৮** | **৩৮** | **৩৮০** | **৫৭০** | **১৪৯** | **২০১** | **১৩০০** |
| ঐচ্ছিক বিষয় যেকোন ১ টি | ১৪ | উচ্চতর গণিত-২/কৃষি শিক্ষা-২/জীব বিজ্ঞান-২ | ৫১৩২১/ ৫১৩২২/ ৫১৩২৩ | ১/০ | ০/১ | ১ | ৩০ | ৪৫ | ১২ | ১৩ | ১০০ |
| | | ইসলামের ইতিহাস-২ / বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-২ | ৫১৩২৫/ ৫১৩২৬ | ১ | ০ | | ৪০ | ৬০ | ০ | ০ | |
| | | | মোট | ১ | ০ | ১ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | | | **সর্বমোট** | **২২/২১** | **১৮/১৯** | **৪০** | **৪২০** | **৬৩০** | **১৪৯** | **২০১** | **১৪০০** |

**বি. দ্রঃ** ক) ধাঃ মূঃ বলতে ধারাবাহিক মূল্যায়ন এবং চূঃ মূঃ বলতে চূড়ান্ত মূল্যায়ন বোঝাবে;
খ) এক সপ্তাহে পদার্থ বিজ্ঞানের ব্যাবহারিক ক্লাস এবং পরের সপ্তাহে রসায়ন বিজ্ঞানের ব্যাবহারিক ক্লাস হবে।

**উপর্যুক্ত কোডের নম্বর বিন্যাস নিম্নরূপঃ (বাম থেকে ডানে)**

১। প্রথম ও দ্বিতীয় অংক : ৫১ দ্বারা এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) বোঝাবে;

২। তৃতীয় অংক : বিষয় ক্যাটাগরি (৯ কমন বিষয়-বাংলা বিষয় ব্যতিত, ৭ বিশেষায়িত দাখিল বিষয় ও বাংলা বিষয়);

৩। চতুর্থ অংক : শ্রেণি (১ নবম শ্রেণি, ২ দশম শ্রেণি বোঝাবে);

৪। ** ট্রেড কোড নম্বর বোঝাবে।

**২.৩ দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের চূড়ান্ত মূল্যায়নের নম্বর বিন্যাস:**

| ক্রমিক নং | বিষয় | শ্রেণির মোট নম্বর | | বিষয়ের মোট নম্বর | প্রাপ্ত লেটার গ্রেড | প্রাপ্ত গ্রেড পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|
| | | নবম | দশম | | | |
| ১. | কোরআন মাজিদ ও তাজবিদ | ১০০ | ১০০ | ২০০ | | |
| ২. | হাদীস শরীফ ও ফিকাহ | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৩. | আরবি | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৪. | বাংলা | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৫. | ইংরেজি | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৬. | গণিত | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৭. | পদার্থ বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ | | |
| ৮. | রসায়ন বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ | | |
| ৯. | ইঞ্জিনিয়ারিং ড্রইং | ৫০ | - | ৫০ | | |
| ১০. | কম্পিউটার এ্যাপি-কেশন | ০ | ৫০ | ৫০ | | |
| ১১. | আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ | - | ৫০ | ৫০ | | |
| ১২. | ট্রেড-১ | ২০০ | ২০০ | ৪০০ | | |
| ১৩. | ট্রেড-২ | ২০০ | ২০০ | ৪০০ | | |
| ১৪. | সংশি-ষ্ট ট্রেডে বাস্তব প্রশিক্ষন | ৫০ | ৫০ | ১০০ | | |
| | মোট | ১৩০০ | ১৩০০ | ২৬০০ | | (ঐচ্ছিক বিষয় ব্যতীত) |
| | ঐচ্ছিক বিষয় | ১০০ | ১০০ | ২০০ | | |
| | সর্বমোট | ১৪০০ | ১৪০০ | ২৮০০ | | (ঐচ্ছিক বিষয়সহ) |

২.৪ পাঠ্যক্রম কাঠামোতে বিষয়/বিষয়সমূহের পরিবর্তন, নবায়ন ও সংযোজন এবং নতুন পাঠ্যসূচি সংযোজন ও বিদ্যমান পাঠ্যসূচি বিয়োজন করার ক্ষমতা 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন-২০১৮' অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

## ৩.০ ভর্তির নিয়মাবলি (Rules of Admission):

৩.১ দেশের যে কোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/প্রি-ভোকেশনাল/জেএস(ভোকেশনাল)/জেডি (ভোকেশনাল)/জুনিয়র দাখিল/অষ্টম শ্রেণি সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এ শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে ;

৩.২ বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নির্দেশিকা অনুসারে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

## ৪.০ নিবন্ধন প্রক্রিয়া ও মেয়াদ (Registration Process and Duration ):

৪.১ দাখিল (ভোকেশনাল) শিক্ষা কার্যক্রমের নবম শ্রেণিতে ভর্তির জন্য বোর্ড নির্ধারিত ফি প্রদানপূর্বক ক্লাস শুরুর ৯০ (নব্বই) দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। নিবন্ধনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ৪ (চার) শিক্ষাবর্ষ;

৪.২ শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে শিক্ষাবর্ষ ধারাবাহিকভাবে ২ (দুই) বছর উল্লেখ থাকবে। যেমন কোনো শিক্ষার্থী ২০২৫ সালে নবম শ্রেণিতে নিবন্ধিত হলে তার শিক্ষাবর্ষ হবে ২০২৫-২০২৬;

৪.৩ একজন শিক্ষার্থী নবম শ্রেণিতে নবায়নসহ ধারাবাহিকভাবে ৪ (চার) শিক্ষাবর্ষ এবং দশম শ্রেণিতে নবায়নসহ ধারাবাহিকভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে;

৪.৪ কোনো শিক্ষার্থী ৪ (চার) বছরের মধ্যে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে না পারলে বোর্ড নির্ধারিত সংযোগ রক্ষাকারী ফি (Retention fee) প্রদান করে অব্যবহিত পরবর্তী শিক্ষাবর্ষের জন্য নিবন্ধনের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করতে পারবে। শিক্ষার্থী নিবন্ধন নবায়নের এ সুযোগ শুধুমাত্র একবার পাবে, যা অব্যবহিত পরবর্তী শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য হবে। নিবন্ধন নবায়নের পর উল্লিখিত সময়ের মধ্যে পরীক্ষায় কৃতকার্য না হলে, সংশ্লিষ্ট শিক্ষার্থী এ নিবন্ধনের আওতায় অধ্যয়নের আর কোনো সুযোগ পাবে না;

৪.৫ এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় কোনো শিক্ষার্থী অন্য কোনো একাডেমিক শিক্ষাক্রমে অধ্যয়ন করতে পারবে না। কোনো শিক্ষার্থী এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় অন্য কোনো একাডেমিক শিক্ষাক্রমে অধ্যয়ন করলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। তবে সরকার কর্তৃক ঘোষিত যোগ্যতা কাঠামোর আওতায় অকুপেশন অনুযায়ী দক্ষতা প্রশিক্ষণ ও অ্যাসেসমেন্টে অংশগ্রহণ করতে পারবে এবং ৬ মাস ও ১ বছর মেয়াদী সল্প মেয়াদী দক্ষতা ভিত্তিক কোর্সে অংশগ্রহণ করতে পারবে;

৪.৬ কোনো শিক্ষার্থী শিক্ষা কার্যক্রম পরিপন্থি কাজের সাথে সম্পৃক্ত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষা পরিচালনা পরিষদের সুপারিশ অনুযায়ী শিক্ষার্থীর নিবন্ধন (Registration) স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত থাকবে;

৪.৭ প্রাতিষ্ঠানিক কার্যক্রমের বাইরে কোনো ধরনের শৃঙ্খলা পরিপন্থি কাজের সাথে শিক্ষার্থী সম্পৃক্ত হলে শিক্ষার্থীর নিবন্ধন (Registration) স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত থাকবে।

## ৫.০ শিক্ষার্থী বদলি প্রক্রিয়া (Process of Student Transfer):

৫.১ শিক্ষার্থী বদলির ক্ষেত্রে পাঠ্যক্রম ও ট্রেডের মিল থাকতে হবে;

৫.২ নবম শ্রেণির কোনো শিক্ষার্থী বদলির আবেদন বিবেচনা করা হবে না;

৫.৩ কোনো অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত বা অনিয়মিত শিক্ষার্থী বদলিতে ভর্তি হতে পারবে না;

৫.৪ কেবল মাত্র ১০ম শ্রেণির শিক্ষার্থীরা নতুন বর্ষের ক্লাস শুরু হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে বদলিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

৫.৫ সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবল মাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলিতে ভর্তি হওয়ার সুযোগ পাবে;

৫.৬ বদলিতে ভর্তি ইচ্ছুক ১০ম শ্রেণির শিক্ষার্থী অভিভাবকের প্রতিস্বাক্ষরসহ বিমুক্তকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ ক্লাস শুরুর ৩ (তিন) মাসের মধ্যে পরিচালক (কারিকুলাম) বরাবর আবেদন করবে এবং শিক্ষার্থী বদলির নির্ধারিত ফি সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর অনলাইনে/সোনালী ব্যাংক, আগারগাঁও শাখার অনুকূলে পরিশোধ করবে।

## ৬.০ সাধারণ নিয়মাবলি (General Rules):

৬.১ নবম ও দশম শ্রেণিতে অধ্যয়নরত কোনো শিক্ষার্থীকে সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাত্ত্বিক ও ব্যাবহারিক ক্লাসে শতকরা ৮০ ভাগ উপস্থিতি থাকতে হবে এবং তাত্ত্বিক ও ব্যাবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নে পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের চূড়ান্ত মূল্যায়নে অংশগ্রহণের সুযোগ পাবে না। তবে অসুস্থতা কিংবা গ্রহণযোগ্য অন্য কোনো কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিচালনা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান সর্বোচ্চ শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করতে পারবেন;

৬.২ নবম শ্রেণিতে নিবন্ধনকৃত কোনো শিক্ষার্থীর নির্ধারিত উপস্থিতি না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিচালনা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোনো কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণ করতে না পারলে অব্যবহিত পরবর্তী ২ (দুই) শিক্ষাবর্ষের মধ্যে পুনঃভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ একবারই গ্রহণযোগ্য হবে;

৬.৩ নবম শ্রেণিতে অনূর্ধ্ব তিন বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী দশম শ্রেণিতে অধ্যয়ন অব্যাহত রাখতে পারবে। এরূপ শিক্ষার্থী দশম শ্রেণিতে নিয়মিত পরীক্ষার্থী এবং পরবর্তী নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহনের সুযোগ পাবে। এ সুযোগ নিবন্ধনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। নবম শ্রেণির অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত দশম শ্রেণিতে উত্তীর্ণ হলেও তার ফলাফল অপ্রকাশিত থাকবে;

৬.৪ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থী দশম শ্রেণিতে সাময়িকভাবে অধ্যয়ন করার সুযোগ পাবে। তবে নবম শ্রেণিতে চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে এ সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে;

৬.৫ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী পরবর্তী নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। এ সুযোগ নিবন্ধনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। অনিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে অনূর্ধ্ব তিন বিষয়ে অকৃতকার্য থাকলে তার ক্ষেত্রে ৬.৩ ধারা প্রযোজ্য হবে;

৬.৬ দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরবর্তী দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় নিবন্ধনের মেয়াদ থাকা পর্যন্ত অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;

৬.৭ অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যাবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং কৃতকার্য বিষয়সমূহের চূড়ান্ত মূল্যায়নের নম্বর বোর্ডে সংরক্ষিত থাকবে;

৬.৮ নবম শ্রেণিতে কোনো শিক্ষার্থী 'বাস্তব প্রশিক্ষণ'-এ অকৃতকার্য হলে তাকে দশম শ্রেণিতে অধ্যয়নরত অবস্থায় যে কোনো সুবিধাজনক সময়ে নিজ খরচে নবম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ সম্পন্ন করে পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে;

৬.৯ দশম শ্রেণিতে কোনো শিক্ষার্থী 'বাস্তব প্রশিক্ষণ'-এ অকৃতকার্য হলে তাকে নিবন্ধনের মেয়াদকালীন দশম শ্রেণির শিক্ষার্থীদের বাস্তব প্রশিক্ষণের সময় নিজ খরচে বাস্তব প্রশিক্ষণ সম্পন্ন করে পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে;

৬.১০ দশম শ্রেণির কোনো শিক্ষার্থীর নির্ধারিত হাজিরা না থাকলে অথবা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোনো কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণ করতে না পারলে পরবর্তী শিক্ষাবর্ষে নিবন্ধনের মেয়াদকালীন দশম শ্রেণিতে পুনঃভর্তি হওয়ার সুযোগ পাবে;

৬.১১ দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য হলে, অন্যান্য সকল বিষয়ে উত্তীর্ণ থাকলে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২.০০ অপেক্ষা বেশি হলে, ২.০০ এর অধিক জিপি যোগ করে জিপিএ নির্ধারণ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২.০০ বা তার কম হলে, এ জিপি চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে না।

৬.১২ কোনো শিক্ষার্থী নবম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তী শিক্ষাবর্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এবং দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয় অন্তর্ভুক্ত করতে পারবে;

৬.১৩ কোনো শিক্ষার্থী দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে নিবন্ধনের মেয়াদ থাকা সাপেক্ষে ঐচ্ছিক বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এবং নবম শ্রেণিতে উত্তীর্ণ ঐচ্ছিক বিষয়ের প্রাপ্ত জিপি চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে;

৬.১৪ কোন শিক্ষার্থী দশম শ্রেণিতে মানোন্নয়ন পরীক্ষা দিলে এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে মানোন্নয়ন হলে তা নম্বরপত্রে যুক্ত হবে এবং ঐচ্ছিক বিষয়ের নম্বর অপরিবর্তীত থাকবে।

## ৭.০ ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি (Procedure of Continuous Assessment):

৭.১ তাত্ত্বিক বিষয়ে বা কোনো বিষয়ের তাত্ত্বিক অংশে বরাদ্দকৃত নম্বরের ৬০% চূড়ান্ত মূল্যায়নের জন্য এবং ৪০% ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে;

৭.২ ব্যাবহারিক বিষয়ে বা কোনো বিষয়ের ব্যাবহারিক অংশে বরাদ্দকৃত নম্বরের ৫০% চূড়ান্ত মূল্যায়নের জন্য এবং ৫০% ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে;

৭.৩ তাত্ত্বিক বিষয়/বিষয়সমূহের তাত্ত্বিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (তাত্ত্বিক ধারাবাহিক অংশের মোট নম্বরের শতকরা হারে):

| | | |
|---|---|---|
| বর্ষমধ্য পরীক্ষা | : | ৫০% |
| ** ক্লাস/কুইজ টেস্ট, ক্লাস ওয়ার্ক ও এসাইনমেন্ট/বাড়ির কাজ | : | ৪০% |
| *** উপস্থিতি (৯০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে) | : | ১০% |
| মোট | : | ১০০% |

| | |
|---|---|
| ** ক্লাস/কুইজ টেস্ট (২০%), ক্লাস ওয়ার্ক (১০%) ও এসাইনমেন্ট/বাড়ির কাজ (১০%)<br>➢ বর্ষমধ্য পরীক্ষার পূর্বে ও পরে ন্যনতম দুইটি করে ক্লাস/কুইজ টেস্ট নিতে হবে। | *** উপস্থিতি: [৯০% বা এর উর্ধ্বে ১০%<br>৮০% - ৯০% এর নীচে ৯%<br>৭০% - ৮০ % এর নীচে ৮%] |

৭.৪ ব্যাবহারিক বিষয়/বিষয়ের ব্যাবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যাবহারিক ধারাবাহিক অংশের মোট নম্বরের উপর ভিত্তি করে):

**প্রতি জব/এক্সপেরিমেন্ট এর জন্য নির্ধারিত নম্বর : ১০**

| | | |
|---|---|---|
| জব অনুশীলন | : | ৬ |
| রিপোর্ট প্রস্তুতকরণ | : | ২ |
| পরিচ্ছন্নতা ও নিরাপত্তা অবলম্বন | : | ২ |
| মোট | : | ১০ |

উদাহরণ:
ব্যাবহারিক ধারাবাহিক নম্বর ২৫
অনুষ্ঠিত মোট জব ১২টি
মোট নম্বর ১২ × ১০ = ১২০
শিক্ষার্থী ১০টি জবে অংশগ্রহণ করে প্রাপ্ত নম্বর ৬০ হলে
এক্ষেত্রে তার প্রাপ্ত নম্বর হবে ৬০×২৫÷১২০= ১২.৫

**সকল জবের নম্বর ধারাবাহিকের জন্য নির্ধারিত মোট নম্বরে রূপান্তর করতে হবে।**

বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যাবহারিক ধারাবাহিক মূল্যায়নের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।

৭.৫ বোর্ড কর্তৃক চূড়ান্ত মূল্যায়নের ক্ষেত্রে ব্যাবহারিক ও তাত্ত্বিক বিষয়ের প্রতিটি অংশের (ধারাবাহিক ও চূড়ান্ত) পাশ নম্বর শতকরা ৩৩ হবে;

৭.৬ ক্লাস চলাকালীন বর্ষপঞ্জি অনুযায়ী ১৭-১৮তম সপ্তাহে তাত্ত্বিক বিষয়ের উপর প্রতিষ্ঠান বর্ষমধ্য পরীক্ষা গ্রহণ করবে;

৭.৭ বর্ষমধ্য পরীক্ষার জন্য বিষয়শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের/বিষয়সমূহের প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন। একই বিষয়ের জন্য একাধিক শিক্ষক থাকলে তাঁদের পৃথকভাবে প্রণয়নকৃত প্রশ্নপত্র মডারেশনের মাধ্যমে প্রশ্নপত্র চূড়ান্ত করবেন অথবা প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে তাঁদের মধ্যে যে কোনো একজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন;

৭.৮ প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে ন্যনতম ৩ (তিন) সদস্যের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা কমিটির মাধ্যমে বর্ষমধ্য পরীক্ষার প্রশ্নপত্র সমন্বয়, পরীক্ষার সময়সূচি ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন;

৭.৯ বর্ষমধ্য পরীক্ষার ক্ষেত্রে উত্তরপত্র সংশ্লিষ্ট বিষয় শিক্ষক মূল্যায়ন করবেন। প্রয়োজনে মূল্যায়ন কমিটি বিষয় সংশ্লিষ্ট অন্য শিক্ষক কর্তৃক উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। তবে, একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে মূল্যায়ন কমিটি সংশ্লিষ্ট যে কোনো শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;

৭.১০ মূল্যায়িত উত্তরপত্র মূল্যায়ন শেষ হওয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে শিক্ষার্থীদেরকে দেখার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীদেরকে অবহিত করানোর পর নম্বরসহ উত্তরপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান উত্তরপত্র সংরক্ষণ করবেন;

৭.১১ শিক্ষার্থীদের উপস্থিতি কার্ডসহ মূল্যায়নকৃত ব্যাবহারিক কাজ ও উত্তরপত্র এবং মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় রেকর্ড ফলাফল প্রকাশের তারিখ হতে ছয় মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে বোর্ডে প্রেরণ করতে হবে;

৭.১২ প্রতিষ্ঠান প্রধান বোর্ডের নমুনা মোতাবেক শিক্ষার্থীর অগ্রগতি প্রতিবেদন (Progress report) যথাসময়ে সংশ্লিষ্ট শিক্ষক কর্তৃক পূরণের ব্যবস্থা গ্রহণ এবং ফলাফল প্রকাশ করবেন।

৭.১৩ প্রতিষ্ঠান প্রধান ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে ৪ (চার) সপ্তাহের 'বাস্তব প্রশিক্ষণ' এর ব্যবস্থা করবেন। নির্ধারিত কর্মক্ষেত্র কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নিয়োজিত শিক্ষক যৌথভাবে এ বাস্তব প্রশিক্ষণ তদারকি ও মূল্যায়ন করবেন। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীকে বাস্তব প্রশিক্ষণ এর উপর একটি প্রতিবেদন দাখিল করতে হবে। বাস্তব প্রশিক্ষণ মূল্যায়নের নম্বর বন্টন হবে নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| ক. | উপস্থিতি | : | ১০% |
| খ. | অর্পিত কাজে অংশগ্রহণ | : | ৩০% |
| গ. | সম্পাদিত কাজের গুণগত মান | : | ৪০% |
| ঘ. | বাস্তব প্রশিক্ষণের উপর প্রতিবেদন প্রস্তুতকরণ | : | ২০% |
| | মোট | = | ১০০% |

**বোর্ডের নির্দেশনা মোতাবেক বাস্তব প্রশিক্ষণ এর নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।**

## ৮.০ চূড়ান্ত মূল্যায়ন পদ্ধতি (Procedure of Final Assessment):

৮.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নবম শ্রেণি সমাপনান্তে নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা এবং দশম শ্রেণি সমাপনান্তে দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা বোর্ড নির্ধারিত কেন্দ্রে গ্রহণ করবে;

৮.২ তত্ত্বীয় অংশের ৪৫ (পঁয়তাল্লিশ) ও তদূর্ধ্ব নম্বরের বিষয়ের জন্য পরীক্ষার সময় ৩ (তিন) ঘন্টা এবং ৪৫ (পঁয়তাল্লিশ) নম্বরের কম হলে পরীক্ষার সময় ২ (দুই) ঘন্টা হবে। ট্রেড বিষয়ের ব্যাবহারিক পরীক্ষার সময় ৩ (তিন) ঘন্টা ও অন্যান্য বিষয়ের ব্যাবহারিক পরীক্ষার সময় ২ (দুই) ঘন্টা নির্ধারিত থাকবে;

৮.৩ ব্যাবহারিক বিষয়/বিষয়ের ব্যাবহারিক অংশের চূড়ান্ত মূল্যায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষক অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে এবং বোর্ড অনুমোদিত অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে সম্পন্ন করবেন এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ:
(ব্যাবহারিক চূড়ান্ত অংশের মোট নম্বরের শতকরা হারে)

| | | | |
|---|---|---|---|
| ক. জব/এক্সপেরিমেন্ট | | : | ৬০% |
| ১. জব | ৫০% | | |
| ২. পরিচ্ছন্নতা ও নিরাপত্তা অবলম্বন | ১০% | | |
| খ. জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট | | : | ২০% |
| গ. মৌখিক পরীক্ষা | | : | ২০% |
| মোট | | : | ১০০% |

* **বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যাবহারিক চূড়ান্ত পরীক্ষার নম্বরপত্র বোর্ডে প্রেরণ করতে হবে।**

৮.৪ বোর্ডের প্রচলিত নিয়ম অনুসারে ব্যাবহারিক ও তাত্ত্বিক বিষয়ের পরীক্ষা নির্ধারিত কেন্দ্রের কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে;

৮.৫ তাত্ত্বিক বিষয়ের বোর্ড সমাপনী পরীক্ষা শেষে কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা ঐ দিনই উত্তরপত্রসমূহ সিলগালা করে বীমাকৃত পার্সেল ডাক যোগে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন।

## ৯.০ ফলাফল ঘোষণা ও সনদ প্রদান (Publication of Results and Issuance of Certificate):

৯.১ নবম ও দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কোনো শিক্ষার্থী আবশ্যিক সকল বিষয়ে ন্যূনতম D গ্রেড পেলে তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে;

৯.২ নবম ও দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীকে বোর্ড হতে দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নম্বরপত্র ও সনদপত্র প্রদান করা হবে;

৯.৩ প্রতি বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর Grade Point Average (GPA) নির্ধারণপূর্বক শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে;

৯.৪ কোনো পরীক্ষার্থী এক/একাধিক আবশ্যিক বিষয়ে 'F' গ্রেড পেলে সনদপত্র পাবে না, তবে তাকে নম্বরপত্র প্রদান করা হবে;

৯.৫ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে;

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | ৮০ হতে ১০০ | ৫.০০ |
| A | ৭০ হতে ৭৯ | ৪.০০ |
| A- | ৬০ হতে ৬৯ | ৩.৫০ |
| B | ৫০ হতে ৫৯ | ৩.০০ |
| C | ৪০ হতে ৪৯ | ২.০০ |
| D | ৩৩ হতে ৩৯ | ১.০০ |
| F | ০০ হতে ৩২ | ০.০ |

৯.৬ ফলাফল মান উন্নয়নের লক্ষ্যে পরীক্ষার্থীকে অব্যবহিত পরের বছরেই বোর্ডের পূর্বানুমতি সাপেক্ষে বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক বিষয়ের তাত্ত্বিক অংশের পরীক্ষা দিতে পারবে। পরীক্ষার্থীর ফল উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের ফল বহাল থাকবে। তবে ঐচ্ছিক বিষয়ে মান উন্নয়নের সুযোগ নেই। এ সুযোগ একবারই গ্রহণ করা যাবে।

## ১০. পরীক্ষা অনুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলা বিধি (Integrated Disciplinary Regulations for the Conduct of Examinations) :

১০.১ বোর্ডের অনুমোদিত সমন্বিত শৃঙ্খলা বিধি ও উপবিধি এ পাঠ্যক্রমের জন্য অনুসরণ করা হবে। সরকারের সময় সময় জারীকৃত পাবলিক এক্সামিনেশন এ্যাক্ট এক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১১.০ সংরক্ষণ (Preservation):

১১.১ এ প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## পরিশিষ্ট 'ক'
## (Appendix)
### দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহ

| ক্রমিক নং | ট্রেডের নাম | ট্রেড কোড |
|---|---|---|
| ১. | এগ্রোবেস্‌ড ফুড | ৬১ |
| ২. | জেনারেল ইলেকট্রনিক্স | ৬২ |
| ৩. | বিল্ডিং মেইনটেন্যান্স | ৬৪ |
| ৪. | উড ওয়ার্কিং | ৬৫ |
| ৫. | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | ৬৯ |
| ৬. | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড | ৭০ |
| ৭. | ডাইং প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং | ৭২ |
| ৮. | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস | ৭৩ |
| ৯. | ফার্ম মেশিনারি | ৭৪ |
| ১০. | ফিস কালচার অ্যান্ড ব্রিডিং | ৭৫ |
| ১১. | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন | ৭৬ |
| ১২. | জেনারেল মেকানিক্স | ৭৭ |
| ১৩. | লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ৭৮ |
| ১৪. | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ৮০ |
| ১৫. | এপারেল ম্যানুফেকচারিং বেসিকস | ৮১ |
| ১৬. | মেশিন অপারেশন বেসিকস | ৮২ |
| ১৭. | অটোমোবাইল এন্ড অটো-ইলেকট্রিক বেসিকস | ৮৩ |
| ১৮. | সিভিল কন্সট্রাকশন এন্ড সেফটি | ৮৭ |
| ১৯. | আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিকস | ৮৮ |
| ২০. | পেশেন্ট কেয়ার টেকনিক | ৮৯ |
| ২১. | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | ৯০ |
| ২২. | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং | ৯১ |
| ২৩. | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং | ৯২ |
| ২৪. | ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন | ৯৪ |
| ২৫. | উইভিং | ৯৫ |
| ২৬. | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন | ৯৬ |
| ২৭. | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড | ৯৭ |
| ২৮. | নিটিং | ৯৮ |
| ২৯. | শ্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং | ৯৯ |